# <u>দ্বিতীয় শ্রেণী</u>

**ইতিহাস**

## পাথরের হাতিয়ারের যুগ (১৯,২০,২১ পৃষ্ঠা)

এককথায় / সংক্ষেপে / পূর্ণবাক্যে উত্তর দাও

প্রশ্ন:- হাতিয়ার কথার অর্থ কী?

উত্তর:- অস্ত্র

প্রশ্ন:- গাছের ডালের বদলে কেন মানুষ পাথরকে হাতিয়ার হিসাবে বেছে নিয়েছিল?

উত্তর:- গাছের ডালকে মানুষ পশুদের হাত থেকে বাঁচতে প্রথমে ব্যবহার করত| কিন্তু গাছের ডাল দিয়ে বড় পশুদের মারা সহজ ছিল না| আর দূর থেকেও পশুদের ঘায়েল করা যেত না| তাই, মানুষ পাথরকে হাতিয়ার হিসাবে বেছে নিয়েছিল|

প্রশ্ন:- কী রকম পাথর দিয়ে পশুশিকার করা সহজ হবে বলে তোমার মনে হয়?

উত্তর:- মসৃণ, সূঁচালো পাথর দিয়ে পশুশিকার করা সহজ হবে|

প্রশ্ন:- নতুন প্রস্তর যুগ বলতে কী বোঝ?

উত্তর:- যখন থেকে মানুষ বড় বড় আকৃতির পাথরকে ঘষে মেজে সূঁচালো ও মসৃণ করে তাকে হাতিয়ার হিসাবে ব্যবহার করতে শুরু করল সেই যুগকেই বলে ' নতুন প্রস্তর যুগ '|

প্রশ্ন:- আত্মরক্ষা ও শিকার করা ছাড়া আদিম মানুষ পাথরকে আর কী কী কাজে লাগিয়েছিল?

উত্তর:- আত্মরক্ষা ও শিকার করা ছাড়া আদিম মানুষ পাথরকে আরও নানা কাজে ব্যবহার করেছিল| যেমন, বনের গাছ কাটতে .............................. তৈরি করল গয়না ( বই )|

( বই রিডিং পড়তে হবে ও ২০ পৃষ্ঠার প্রথম ৪টি প্রশ্ন ও ৬ নম্বর প্রশ্ন ও উত্তর পড়বে| )

## আগুনের আবিষ্কার (22,23,24 পাতা)

এককথায়,সংক্ষেপে, পূর্ণবাক্যে উত্তর দাও:-

প্রশ্ন: আদিম মানুষ কোথায় কোথায় আগুন দেখেছিল?

উত্তর: আদিম মানুষ ঝড় বৃষ্টির সময় বাজ থেকে আগুন জ্বলতে দেখেছে| এছাড়া গাছে গাছে ঘসা লেগে ও পাথর ঠোকাঠুকি করে আগুন জ্বলতে দেখেছিল|

প্রশ্ন: পোড়া মাংস খাওয়ার ধারণা মানুষের মনে কোথা থেকে এল?

উত্তর: বনের আগুন নিভে যাওয়ার পর পুড়ে যাওয়া মৃত পশুদের দেহ তারা খেয়ে দেখল ঐ মাংস অনেক নরম ও সুস্বাদু| এর থেকেই মানুষের মনে পোড়া মাংস খাওয়ার ধারণা এল|

প্রশ্ন: আগুনকে মানুষ কী কী কাজে ব্যবহার করেছিল?

উত্তর : আগুনকে মানুষ বিভিন্ন কাজে ব্যবহার করেছিল, যেমন-

i) আগুন জ্বালিয়ে গুহাকে আলোকিত করত|

ii)গুহার মুখে আগুন জ্বালিয়ে হিংস্র জন্তুদের হাত থেকে গুহাকে নিরাপদ করত|

iii)আগুনে পশুর মাংসকে পুড়িয়ে বা ঝলসে খেত|

iv)বেশি শীতে আগুন জ্বালিয়ে, সামনে বসে আগুন পোহাত|

( বই রিডিং পড়তে হবে ও 23,24 পাতার জানো ও শেখোর সব প্রশ্ন ও উত্তর গুলি পড়বে )